# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২০৩

১/ বিবিধ

আরবী

الجمعة واجبة على خمسين رجلا، وليس على من دون الخمسين جمعة

موضوع

رواه الطبراني في " المعجم الكبير " (رقم - 7952) وابن عدي (53/2) والدارقطني (164) عن جعفر بن الزبير عن القاسم عن أبي أمامة مرفوعا. وقال وجعفر هذا أحاديثه عامتها مما لا يتابع عليه، والضعف على حديثه بين

وقال الدارقطني

وجعفر متروك

قال المناوي في الفيض

قال الذهبي في " المهذب ": حديث واه. وقال الهيثمي: فيه جعفر بن الزبير صاحب القاسم وهو ضعيف جدا، وقال ابن حجر: جعفر بن الزبير متروك ويعارضه الحديث الآتي، وهو مثله في الوضع، أوشر منه رواية! وكلاهما من الأحاديث التي شان بها السيوطي كتابه " الجامع الصغير "، وقد سبق التنبيه على الكثير من أمثالها. والله المستعان

বাংলা

১২০৩। পঞ্চাশ ব্যক্তি হলে তাদের উপর জুম’আর সালাত ওয়াজিব। পঞ্চাশ ব্যক্তির কম হলে তাদের উপর জুম’আহ নেই।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি ইমাম ত্ববারানী “আল-মুজামুল কাবীর” গ্রন্থে (নং ৭৯৫২), ইবনু আদী (২/৫৩) ও দারাকুতনী (১৬৪) জাফার ইবনুয যুবায়ের হতে, তিনি কাসেম হতে, তিনি আবূ উমামাহ (রাঃ) হতে মারফূ হিসেবে বর্ণনা করেছেন। ত্ববারানী বলেনঃ এ জা’ফারের অধিকাংশ হাদীসের অনুসরণ করা যায় না। তার হাদীস সুস্পষ্ট দুর্বল।

দারাকুতনী বলেনঃ জাফার মাতরূক। মানবী "আল-ফায়েয" গ্রন্থে বলেনঃ হাফিয যাহাবী "আল-মুহাযযাব" গ্রন্থে বলেনঃ তার হাদীস খুবই দুর্বল। হায়সামী বলেনঃ এ হাদীসের সনদে কাসেমের সাথী জাফার ইবনুয যুবায়ের নামক এক বর্ণনাকারী রয়েছেন তিনি খুবই দুর্বল। ইবনু হাজার আসকালানী বলেনঃ জাফর ইবনুয যুবায়ের মাতরূক।

এ বানোয়াট হাদীসের বিপরীতমুখী একটি হাদীস নিম্নে আলোচিত হয়েছে। সেটিও বানোয়াট অথবা এর চেয়েও নিকৃষ্ট। উভয় হাদীসই সেই সব হাদীসগুলোর অন্তর্ভুক্ত যেগুলোকে ইমাম সুয়ূতী তার “আল-জামেউস সাগীর” গ্রন্থে উল্লেখ করে গ্রন্থটিকে বিতর্কিত (দূষিত) করেছেন। তার গ্রন্থে উল্লেখিত এরূপ বহু হাদীস সম্পর্কে পূর্বে সতর্ক করা হয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72082

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন